## পিডিএবি (PDAB)

### শর্ত সাপেক্ষে বিশেষ সুবিধা

দূর্ঘটনাজনিত কারণে স্থায়ী অংগহানীতে সুবিধা।

“দূর্ঘটনাজনিত কারণে স্থায়ী অংগহানীর সুবিধাকে” বীমা পলিসির অনুসূচীতে অথবা উহাতে উল্লেখিত ঘোষণা ও প্রস্তাব পত্রের উপর ভিত্তি করে কোম্পানী কর্তৃক কোন পৃষ্ঠাঙ্কনে (এনডর্সমেন্টে) কিংবা ক্ষেত্রানুযায়ী অনুরূপ কোন পৃষ্ঠাঙ্কনে (এনডর্সমেন্টে) পিডিএবি বলে উল্লেখিত ও বর্ণিত। কোম্পানী এতদ্বারা ঘোষণা করে যে, কোম্পানীর অনুসূচীতে বর্ণিত বা পৃষ্ঠাঙ্কনে (এনডর্সমেন্টে) উল্লেখিত এরূপ সুবিধার ক্ষেত্রে বীমাগ্রহীতা যদি পলিসি প্রিমিয়াম সময়মত এবং যথাযথ পরিশোধ করে তাহলে নিম্নোক্ত ব্যতিক্রম ও শর্তসমূহের সাপেক্ষে ও অনুসূচীর শর্তমোতাবেক (যতদূর সম্ভব প্রযোজ্য) পলিসি চুক্তি ও কোম্পানীর প্রত্যেক পৃষ্ঠাঙ্কনে (এনডর্সমেন্টে) (যদি থাকে) তাহলে বীমাকারীর মৃত্যু অথবা শারীরিক অক্ষমতা (বৈকল্য) যদি শারীরিক আঘাতের ফলশ্রুতিতে ঘটে থাকে এবং ঐ আঘাত যদি একক ও পৃথকভাবে কোন দুর্ঘটনা, শারীরিক আক্রমণ সরাসরি প্রমাণযোগ্য বাহ্যিক ও দৃষ্টিগোচর উপায় এবং শারীরিক ত্রুটি বা দৌর্বল্যের জন্য না হয়ে থাকে তাহলে কোম্পানী নিম্নবর্ণিত ক্ষতিপূরণসমূহের (সুবিধাদি) যে কোন একটি প্রদান করবে।

দুর্ঘটনার ৯০ (নব্বই) দিনের মধ্যে আঘাতের ফলে ক্ষতি হলে প্রদান করা হবে ঃ

| ক্ষতির প্রকৃতি | প্রতি প্রাপ্য (মূল বীমা অংকের শতকরা হারে) |
|---|---|
| ০১। মৃত্যু | ১০০% |
| ০২। নিম্নোক্ত কারণে স্থায়ী ও সম্পূর্ণ অক্ষমতা ঃ | |
| ক) উভয় চোখের দৃষ্টি শক্তি সম্পূর্ণরূপে ও চিরতরে নষ্ট হলে | ১০০% |
| খ) কব্জির উপরে উভয় হাত বা বাহু হারানো/কাটা গেলে | ১০০% |
| গ) হাটুর উপরে উভয় পা হারানো / কাটা গেলে | ১০০% |
| ঘ) একটি পা হাটুর উপরে এবং একটি বাহু কব্জির উপরে হারানো/কাটা গেলে | ১০০% |
| ০৩। নিম্নোক্ত কারণে স্থায়ী অক্ষমতা | |
| **মাথা ঃ** | |
| ক) উভয় কানের সম্পূর্ণ বধিরতা | ৪০% |
| খ) একটি কানের সম্পূর্ণ বধিরতা | ১০% |
| গ) একটি চোখ সম্পূর্ণরূপে বিনষ্ট হলে | ৫০% |
| ঘ) নীচের পাটির দাঁত সম্পূর্ণরূপে উপরে গেলে | ২৫% |
| **উর্ধাঙ্গসমূহ** | |
| ঙ) একটি হাত বা বাহু সম্পূর্ণরূপে খোয়া গেলে | ৫০% |
| চ) হাতের হাড় জাতীয় পদার্থের প্রভৃতির ক্ষতি (দুরারোগ্য ও নির্দিষ্ট ক্ষতি) | ২৫% |
| ছ) বৃদ্ধাঙ্গুলি সম্পূর্ণ কাটা গেলে | ২০% |
| জ) বৃদ্ধাঙ্গুলিসহ চারটি আঙ্গুল পুরো কাটা গেলে | ২৫% |
| ঝ) কেবলমাত্র তর্জনী কাটা গেলে | ১৫% |
| ঞ) কেবলমাত্র মধ্যমা আঙ্গুল কাটা গেলে | ১০% |
| ট) কেবলমাত্র অনামিকা আঙ্গুল কাটা গেলে | ৮% |
| ঠ) কেবলমাত্র কনিষ্ঠা আঙ্গুল কাটা গেলে | ৭% |
| **নিম্নাঙ্গসমূহ** | |
| ড) হাটুর উপরে কোন নিম্নাঙ্গ খোয়া বা নিম্নাঙ্গের সম্পূর্ণ কর্মক্ষমতা হানী | ৫০% |
| ঢ) হাটুর নিম্ন কোন নিম্নাঙ্গ খোয়া বা নিম্নাঙ্গের কর্মক্ষমতা হানী | ৪০% |
| ণ) গোঁড়ালীর নীচে সম্পূর্ণ খোয়া বা কাটা গেলে | ৩০% |
| ত) পায়ের সব কটি আঙ্গুল কাটা গেলে | ২৫% |
| থ) পায়ের বৃদ্ধাঙ্গুলিসহ চারটি আঙ্গুল কাটা গেলে | ২০% |
| দ) পায়ের বৃদ্ধাঙ্গুলি কাটা গেলে | ১০% |

## ব্যতিক্রম ও শর্তসমূহ

**পঙ্গুত্ব**

**যে সব ক্ষেত্রে এ সমস্ত সুবিধা দেয়া হবে না ঃ**

(ক) শারীরিক আঘাত প্রাপ্তির পর যদি ৯০ দিনের মধ্যে বীমাকারীর মৃত্যু অথবা পঙ্গুত্ব না ঘটে এবং তার ৫৫তম জন্ম বার্ষিকী পালনের পূর্বে কিংবা চুক্তি মোতাবেক যদি কোন অগ্রিম তারিখ উল্লেখ থাকে অথবা পৃষ্ঠাঙ্কনে (এনডোর্সমেন্টে) যদি এ সুবিধার ব্যাপারে প্রয়োগ যোগ্য কোন শর্ত থাকে।

(খ) আঘাতপ্রাপ্ত হবার পর যুক্তিযুক্ত সময়ের মধ্যে ঢাকাস্থ কোম্পানীর প্রধান অফিসে লিখিত নোটিশ এবং বিনা খরচায় নিম্ন প্রমাণাদি কোম্পানীর বরাবরে দাখিল না করলে ঃ

১। দাবীদার ব্যক্তির দাবীর ভিত্তি (টাইটেল)

২। পোষ্টমর্টেম রিপোর্টসহ মৃত্যু অথবা পঙ্গুত্বের কারণ।

৩। আঘাতপ্রাপ্ত হবার তারিখ।

(গ) নিম্নোক্ত কারণে আঘাতপ্রাপ্ত (আহত) হবার ফলশ্রুতিতে যদি মৃত্যু অথবা অংগ বৈকল্য হয়ে থাকে ঃ

১। যুদ্ধ, আক্রমণ, বিদেশী শত্রুর কার্যকলাপ, যুদ্ধ বিগ্রহ (যুদ্ধ ঘোষিত হউক আর না হউক), গৃহযুদ্ধ, বিদ্রোহ, রাজদ্রোহ, রাষ্ট্রবিপ্লব, বিপ্লব, দাংগা এবং অসামরিক আন্দোলনের ষড়যন্ত্র অথবা সামরিক কিংবা অবৈধ অধিকৃত ক্ষমতা গ্রহণের ফলশ্রুতিতে অথবা শারীরিক আক্রমণ বা হত্যা অথবা তুমুল ঝগড়ার অংশগ্রহণ কিংবা কোন অসামাজিক কার্যাদি অথবা

২। কোন শারীরিক ত্রুটি বা দৌর্বল্য, আত্মহত্যা (দুরভিসন্ধিমূলক হউক আর না হউক), সুরাসারের ক্রিয়া, মাদকাসক্ত, যৌনব্যাধি, গর্ভসঞ্চার, কিংবা সন্তান প্রসব।

৩। বীমাকৃত ব্যক্তি যে কোন প্রকার বিমানে পাইলট ক্রু সদস্য হিসাবে অথবা ব্যবসায়িক উদ্দেশ্যে বা কারিগরী অপারেশনজনিত ব্যাপারে বিমানে আরোহন বা অবস্থান বা নির্গমান বা পতিত হয়।

৪। বীমাকারী যে কোন ধরনের দৌড় প্রতিযোগিতায়, কোন পোলোখেলায়, শিকারে, পর্বত আরোহন, খেলাধুলায় বা মটর সাইকেল চালনায় অংশগ্রহণ করলে।

## বয়সের গ্রহণযোগ্য প্রমাণসমূহ

০১। জাতীয় পরিচয়পত্র (NID)

০২। জন্মনিবন্ধন সনদ

০৩। জন্মকালীন সময়ে ধারণকৃত মিউনিসিপ্যালিটি অথবা অন্য রেকর্ডের প্রত্যায়নকৃত উদ্ধৃতাংশ।

০৪। জন্মের সময় প্রস্তুতকৃত মূল কোষ্ঠী (ঠিকুজী)।

০৫। খ্রীষ্ট ধর্ম দীক্ষার সনদপত্র অথবা "ফ্যামিলী বাইবেল" এ যদি বয়স অথবা জন্ম তারিখে উল্লেখ থাকে।

০৬। স্কুল অথবা কলেজ রেকর্ডে যদি বয়স অথবা জন্ম তারিখ উল্লেখ থাকে তবে তার সনদপত্রের উদ্বৃতাংশ। যদি উহা প্রতিষ্ঠানের শিরোনামকৃত (লেটার হেড) কাগজে না হয় তবে প্রতিষ্ঠানের সাথে সরাসরি যোগাযোগ করে পোষ্টের মাধ্যমে সনদপত্র আনিয়ে নিতে হবে (নিজ ঠিকানাযুক্ত খাম প্রেরণ করা বাঞ্চনীয়)।

০৫। সরকারী অথবা আধা-সরকারী প্রতিষ্ঠানের কর্মচারীদের ক্ষেত্রে সার্ভিস রেজিষ্টারের প্রত্যায়নকৃত উদ্ধৃতাংশ।

০৬। ডোমসাইল সার্টিফিকেট খাতে জন্ম অথবা স্কুল সার্টিফিকেট ভিত্তিতে জন্ম তারিখ প্রমাণিত হয়েছে।

০৭। বিবাহের সনদপত্র।

০৮। খ্যাতিসম্পন্ন বাণিজ্যিক অথবা শিল্প প্রতিষ্ঠানের সার্ভিস রেজিষ্ট্রারের প্রত্যায়নকৃত উদ্ধৃতাংশ।

০৯। এমন কোন কাগজপত্র যাতে জন্ম তারিখ অথবা জীবন বীমাকৃত বয়স উপরে উল্লেখিত প্রথম পাঁচটি প্রমাণের মধ্যে যে কোন একটির ভিত্তিতে প্রমাণিত হয়েছে।

১০। প্রতিরক্ষা বিভাগের সদস্যর ক্ষেত্রে ১, ৪, ৫ অথবা প্রতিরক্ষা বিভাগ হতে ইস্যুকৃত 'আইডি কার্ড' যাতে বয়স প্রমাণের অন্য কোন গ্রহনীয় প্রমাণাদী লভ্য না হলে শেষ অবলম্বন হিসাবে ইহা গ্রহণ করা যেতে পারে এবং গুরুজন কর্তৃক বয়স ঘোষণার অগ্রাধিকার ভিত্তিতে।

১১। উপরোক্ত প্রমাণসমূহের কোনটাই যদি লভ্য না হয় তবে বয়োবৃদ্ধ আত্মীয় যিনি জন্ম তারিখ সম্বন্ধে জ্ঞাত আছেন তার কর্তৃক শপথপত্র (এফিডেভিট)।

---

**টিকা ঃ** যে ভিত্তিতেই হউক না কেন যদি পূর্ববর্তী কোন বীমা পলিসিতে বয়স গৃহীত হয়ে থাকে তবে তা পূর্ববর্তী রেকর্ড হিসাবে গণ্য হবে।